Sanatan Dharma

শ্রীশ্রী মা আনন্দময়ী

"পারি না বলে দূরে সরতে নেই। পারতে হবে। করতেই হবে। মানুষের পক্ষেই সব সম্ভব। ভগবানের কৃপায় মনুষ্য দেহে। যদি কেহ আছড়ে পড়ে, মাটিতে পড়ে থাকে না তো। আবার উঠে দাঁড়ায়। চলে। সেই চলার গতি দ্রুত হওয়া চাই। আপনাকে পাওয়ার জন্য আপন গতিতেই চলা।
শরীর সুস্থ রেখে নিজ ধ্যান জপে মনটা রেখে দেওয়ার চেষ্টা। মানুষের বিক্ষেপে আসা স্বাভাবিক। কিন্তু বিক্ষেপের স্থানটা পার করতে দ্রুতবেগে চলতে হয়। সময় চলে যাচ্ছে।
যারা যাত্রী তাদের সতেজ সবল অটল সবেগে হওয়া প্রয়োজন। ছ্যাকড়া গাড়িতে বসতে চলতে নেই। মনের সতেজ সবলতা সব সময় প্রয়োজন। নিজের জীবন নিজেই গড়তে হবে মনে রাখা।".....শ্রীশ্রী মা আনন্দময়ী

Published on: Mar, 21 2023 17:24